**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

**(শুল্ক)**

প্রজ্ঞাপন

**তারিখ ঃ ২৫ জ্যৈষ্ঠ, ১৪০৭ বাংলা। ০৮ জুন, ২০০০ ইংরেজী।**

**এস,আর,ও, নং ১৬৫-আইন/২০০০/১৮৪৬/কাস।** The Customs Act, 1969 (IV of 1969) এর section 219, উক্ত Act এর Third Schedule এর Item 17 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এতদ্‌সংক্রান্ত বিদ্যমান বিধিমালা বাতিলক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ–

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।**– (১) এই বিধিমালা ট্রান্সফার অফ রেসিডেন্স (**Transfer of Residence**) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা Tourists Baggage (Import) Rules, 1981 এবং Privileged Persons Baggage Rules, 1985 এর আওতাভুক্ত যাত্রী ব্যতীত সকল যাত্রীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা।**– বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায় –

(ক) "অবচয় মূল্য" অর্থ কোন যাত্রীর বিদেশে ন্যূনতম ২ (দুই) বৎসর অবস্থানের ক্ষেত্রে আমদানিকৃত ব্যাগেজের শুল্ক মূল্যের ৪০% ভাগ এবং দুই বৎসরের অধিক সময় অবস্থানের ক্ষেত্রে অতিরিক্ত প্রতি এক বৎসরের জন্য আমদানিকৃত ব্যাগেজের শুল্ক মূল্যের ১০% ভাগ এবং সর্বোচ্চ ৮০% ভাগ ;

(খ) "প্রকৃত আবাস স্থানান্তর" অর্থ বিদেশে এক নাগাড়ে ন্যূনতম ২ (দুই) বৎসর অবস্থানের পর বাংলাদেশে বসবাসের সিদ্ধান্ত গ্রহণকারী কোন যাত্রী এবং তাহার পরিবারের অন্যান্য সদস্যগণের ব্যাগেজ বাংলাদেশে স্থানান্তরকরণ;

(গ) "পেশাগত দ্রব্য" অর্থ সাধারণভাবে ব্যবহার্য এবং সহজেই বহনযোগ্য দ্রব্য ও যন্ত্রপাতি যাহা যাত্রী তাহার নিজস্ব পেশার কাজে বিদেশে অবস্থানকালে ব্যবহার করিয়াছে ;

(ঘ) " ব্যাগেজ" অর্থ পরিধেয় অথবা গৃহস্থালী পণ্য যাহা সংশ্লিষ্ট যাত্রী বিদেশে অবস্থানকালে ব্যবহার করিয়াছে ;

(ঙ) "যাত্রী" অর্থ বিদেশ হইতে আগত প্রকৃত আবাস স্থানান্তরকারী কোন যাত্রী।

৩। **প্রাপ্য সুবিধাদি।**– (১) বিধি ৮ এর বিধান সাপেক্ষে একজন যাত্রী বিদেশে ন্যূনতম ২ (দুই) বৎসর অবস্থানের পর ৩,০০০ (তিন হাজার) মার্কিন ডলার মূল্যের এবং দুই বৎসরের অধিক সময়

অবস্থানের ক্ষেত্রে অতিরিক্ত প্রতি এক বৎসরের জন্য ৫০০ (পাঁচশত) মার্কিন ডলার মূল্যের এবং সর্বোচ্চ ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ অবচয় মূল্যের উপর প্রযোজ্য সকল প্রকার শুল্ক-কর পরিশোধ করিয়া আমদানি করিতে পারিবে।

(২) কোন পরিবারের প্রকৃত আবাস স্থানান্তরের ক্ষেত্রে উক্ত পরিবারের প্রধান উপ-বিধি (১) এ উল্লিখিত যাত্রীর সুবিধাদি প্রাপ্য হইবে এবং পরিবারের অন্যান্য সদস্যের প্রত্যেকে উক্ত উপ-বিধিতে উল্লিখিত মূল্যের ২০% মূল্যের ব্যাগেজের জন্য উক্ত সুবিধাদি প্রাপ্য হইবে।

ব্যাখ্যা -(ক) কোন পরিবারের সদস্যগণ বিভিন্ন মেয়াদে বিদেশে অবস্থান করিয়া থাকিলে উক্ত পরিবারের প্রধানের বিদেশে অবস্থানের মেয়াদ পরিবারের অন্যান্য সদস্যের অবস্থানের মেয়াদ বলিয়া গণ্য হইবে।

ব্যাখ্যা -(খ) এই ক্ষেত্রে যাত্রীর বিদেশে অবস্থানের মেয়াদ গণনাকালে গড়ে প্রতিমাসে ৩(তিন) দিনের জন্য দেশে তাহার সাময়িক ভ্রমণকালকে বিদেশে অবস্থানের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে;

৪। **শুল্ক-করমুক্ত সুবিধা**।– বিধি ৩ এ বর্ণিত মূল্যসীমার অতিরিক্ত হিসাবে ব্যবহৃত ও পুরাতন (used and old) পরিধেয়, বই-পুস্তক এবং বিছানা (বেডিং) সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করা যাইবে।

৫। **অবচয় মূল্যে সকল প্রকার শুল্ক-কর পরিশোধক্রমে খালাসযোগ্য ব্যাগেজের তালিকা**।– বিধি ৩ এর উপ-বিধি (১) এ বর্ণিত মূল্যসীমা সাপেক্ষে যাত্রী কর্তৃক আমদানিকৃত নিম্ন তালিকায় বর্ণিত পণ্যের প্রত্যেকটি একটি করিয়া প্রাপ্য অবচয় মূল্যের উপর প্রযোজ্য হারে সকল প্রকার শুল্ক-কর পরিশোধক্রমে খালাস করা যাইবে; একের অধিক হইলে অবচয় মূল্যের সুবিধা প্রদান করা যাইবেনা এবং সকল প্রকার শুল্ক-কর পরিশোধ করিতে হইবে। পরিবারের অন্যান্য সদস্য বিধি ৩ এর উপ-বিধি (২) এ বর্ণিত মূল্যসীমার মধ্যে নিম্ন তালিকায় বর্ণিত পণ্য একটি করিয়া প্রাপ্য অবচয় মূল্যের উপর সকল প্রকার শুল্ক-কর পরিশোধক্রমে আমদানি করিতে পারিবে।

## তালিকা

টেলিভিশন সেট, রেফ্রিজারেটর, ডিপফ্রিজার, গৃহস্থালী কুকার ও ওভেন, ওয়াশিং মেশিন, ক্লথ ড্রাইয়ার, ডিসওয়াশার, ভি.সি.পি. ভি.সি.আর., সেলাই মেশিন, নিটিং মেশিন, মিউজিক সেন্টার, লেজার ডিস্ক প্লেয়ার/কমপ্যাক্ট ডিস্ক প্লেয়ার, মুভি ক্যামেরা, ভিডিও প্রজেক্টর, সর্ব প্রকার ফ্যান, এয়ার কন্ডিশনার, এয়ারকুলার, টেলিফোনসেট (মোবাইলসেট সহ), ভিডিও ক্যাসেট (রেকর্ডকৃত), মাইক্রো-কম্পিউটার, স্যাটেলাইট রিসিভার, ক্রোকারিজ বা তৈজষপত্র, আসবাবপত্র, নেবুলাইজার মেশিন, ক্রাচ (crutch), হুইল চেয়ার এবং অনধিক [1][৫০০ (পাঁচশত)] ডলার মূল্যের অন্যান্য গৃহস্থালী সামগ্রী।

৬। **পেশাগত দ্রব্য আমদানি সুবিধা**।– এই বিধিমালার আওতায় কোন যাত্রী বিধি ৩ এ উল্লিখিত মূল্য সীমার অতিরিক্ত সর্বোচ্চ ১, ০০০ (এক হাজার) মার্কিন ডলার মূল্যের পেশাগত দ্রব্য সকল প্রকার শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবে।

---

[1] এস,আও,ও নং ১৬৩-আইন/২০১৩/২৪৫০/কাস্টমস্, তারিখ ৬ জুন ২০১৩ দ্বারা প্রতিস্থাপিত

৭। **মোটর গাড়ী আমদানি।**– কোন যাত্রী বাণিজ্য মন্ত্রণালয় হইতে প্রদত্ত ইমপোর্ট পারমিট অথবা ক্লিয়ারেন্স পারমিট ব্যতিরেকে মোটর গাড়ী আমদানির বিষয়ে আমদানি নীতির শর্ত পূরণ সাপেক্ষে তাহার ব্যবহৃত একটি মোটর গাড়ী আমদানি করিতে পারিবে, তবে এইরূপ আমদানির ক্ষেত্রে এই বিধিমালায় বর্ণিত অবচয় মূল্যের সুবিধার পরিবর্তে বাণিজ্যিক ভিত্তিতে আমদানিকৃত গাড়ীর ক্ষেত্রে ধার্যকৃত অবচয় মূল্যের উপর সকল প্রকার শুল্ক-কর পরিশোধ করিতে হইবে। এইরূপ গাড়ী আমদানি বিধি ৩ এ বর্ণিত মূল্যসীমার অন্তর্ভুক্ত হইবে না।

৮। **এই বিধিমালার আওতায় প্রযোজ্য সুবিধাদি অর্জনের জন্য শর্তাবলী।**–(১) এই বিধিমালার আওতায় প্রযোজ্য সুবিধাদি গ্রহণের জন্য কোন যাত্রী আবেদন করিলে তাহাকে এই বিধিমালার সহিত সংযোজিত ফরমে ঘোষণা প্রদান করিতে হইবে।

(২) নিজের ও তাহার পরিবারের সকল সদস্যের একত্রে আবাস স্থানান্তর করিবার প্রমাণ হিসাবে যাত্রীকে নিজের, স্বামী/স্ত্রী ও পরিবারের অন্যান্য সদস্যদের নামের তালিকাসহ পাসপোর্ট সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(৩) এই বিধিমালার আওতায় আমদানিতব্য পণ্য যাত্রী যেই দেশে বসবাস করিতেন সেই দেশ হইতে বুকিং করিতে হইবে এবং এই বুকিং যাত্রীর বাংলাদেশে আগমণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

(৪) কোন যাত্রী এই বিধিমালার আওতায় প্রযোজ্য সুবিধা গ্রহণের পর বাংলাদেশে অবস্থান করিবার সিদ্ধান্ত পরিবর্তন করিয়া এক বৎসর অবস্থানের পূর্বেই পুনরায় বিদেশে গমণের উদ্যোগ গ্রহণ করিলে সে তাহার আমদানিকৃত পণ্যের শুল্ক মূল্যের উপর প্রযোজ্য হারে সকল প্রকার শুল্ক-কর পরিশোধ করিতে বাধ্য থাকিবে।

(৫) কোন যাত্রী পন্য খালাসকালে উপস্থিত থাকিতে পারিবে না এই হেতুতে তাহার পাসপোর্ট - এ আমদানিতব্য পণ্য অগ্রিম অন্তর্ভুক্ত করা যাইবে না।

**[বিধি ৮(১) দ্রষ্টব্য]**
**ঘোষণাপত্রের ফরম**

যাত্রীর ব্যক্তিগত, গৃহস্থালী ও পেশাগত পণ্য খালাসের ব্যাপারে ট্রান্সফার অফ রেসিডেন্স (Transfer of Residence) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ এর বিধি ৮(১) এর আওতায় ঘোষণা প্রদান সংক্রান্ত

১। যাত্রী যে শুল্ক ষ্টেশন/স্থল/সমুদ্র/বিমান বন্দরের মাধ্যমে আগমণ করিয়াছেন তাহার নাম ঃ
২। আগমণের তারিখ ও ফ্লাইট নং/বাহনের রোটেশন নম্বর ঃ
৩। যেই শুল্ক ষ্টেশন/স্থল/সমুদ্র/বিমান বন্দরের মাধ্যমে পণ্য আমদানি করা হইবে তাহার নাম ঃ
৪। আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে,

(ক) আমি বাংলাদেশের বাহিরে ................ তারিখ হইতে ................ তারিখ পর্যন্ত সর্বমোট .......... বৎসর ......... মাস বসবাস করিয়াছি।

(খ) আমি আমার আবাস বিদেশ হইতে বাংলাদেশে নিম্ন বর্ণিত কারণে স্থানান্তর করিতেছি ঃ . .
. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

(গ) নিম্ন বর্ণিত আমার পরিবারের অন্যান্য সদস্যবর্গ আমার সহিত একত্রে আবাস স্থানান্তর করিতেছেনঃ

| নাম | পাসপোর্ট নং | সম্পর্ক | আগমণের তারিখ | বিদেশে অবস্থানের প্রকৃত মেয়াদ |
|---|---|---|---|---|

১।
২।
৩।
৪।
৫।

(ঘ) বিল অব লেডিং/এয়ারওয়ে বিল নম্বর ...........................তারিখ .................. এর মাধ্যমে আমদানিকৃত নিম্নবর্ণিত পণ্য/সংযুক্ত তালিকায় বর্ণিত পণ্য আমি আমার ব্যক্তিগত, পরিবারের এবং পেশাগত কাজে বিদেশে কমপক্ষে -------------- বৎসর ব্যবহার করিয়াছি এবং উক্ত পণ্য বাংলাদেশে ন্যূনতম এক বৎসর ব্যবহার করিব।

| ক্রমিক নম্বর | পণ্যের বর্ণনা | সংখ্যা/ পরিমাণ | ক্রয়ের তারিখ ও স্থান | পণ্যের ক্রয়মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

১।
২।
৩।
৪।
৫।

যাত্রীর স্বাক্ষর ..........................................
যাত্রীর নাম ..............................................
পাসপোর্ট নং ...........................................
ঠিকানা ....................................................
বর্তমান ঃ ..................................................
স্থায়ী ঃ .....................................................
তারিখ ঃ.....................................................

আমার সম্মুখে ................................ তারিখে
উক্ত ঘোষণা প্রদান করা হইল।

**সহকারী/উপ/যুগ্ম কমিশনারের নামের**
**সীল সহ স্বাক্ষর**
**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

স্বাক্ষরিত/-(শাহ্নাজ পারভীন)দ্বিতীয় সচিব (শুল্ক)।